

# কমিউনিটি পার্টনারশিপ টু স্ট্রেনদেন সাসটেইনেবল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (কম্পাস)

যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (USAID) এবং ফরেস্ট সার্ভিস (U.S. Forest Service) এর আন্তঃসংস্থার অংশীদারিত্বে কমিউনিটি পার্টনারশিপ টু স্ট্রেনদেন সাসটেইনেবল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (কম্পাস) ২০১৯ সাল হতে কার্যক্রম শুরু করে। বিজ্ঞানভিত্তিক কারিগরি জ্ঞান বিনিময়ের মাধ্যমে প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা, বিকল্প ও বহুমুখী জীবন-জীবিকার সুযোগ সৃষ্টিতে প্রতিষ্ঠান ও স্থানীয় জনগণের সক্ষমতা বৃদ্ধিতে কম্পাস প্রোগ্রাম কাজ করছে। এ প্রোগ্রাম ইয়ুথ কনজারভেশন কর্পস (YCC) প্রতিষ্ঠা, বনাঞ্চলের প্রতিবেশ পুনরুদ্ধারে পার্বত্য জনগোষ্ঠীর সক্ষমতা ও অংশগ্রহণ বৃদ্ধিকরণ, অংশীদারিত্বের ভিত্তিতে বাংলাদেশ বন অধিদপ্তরকে কারিগরি সহযোগিতা প্রদান এবং প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও পুনরুদ্ধারে শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কাজ করছে।

## বাংলাদেশে U.S. Forest Service এর কার্যক্রম:

প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় U.S. Forest Service ২০০৯ সাল হতে USAID এর সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে যাচ্ছে। U.S. Forest Service বাংলাদেশ বন অধিদপ্তর এবং সংশ্লিষ্ট অংশীদারগণকে বন পরীবিক্ষণ, mapping, remote sensing, geospatial কার্যক্রমসহ সংশ্লিষ্ট বিষয়ে দীর্ঘ মেয়াদী অংশীদারিত্বে কারিগরি সহযোগিতা প্রদান করেছে। সিলভাকার্বন প্রোগ্রামের আওতায় ২০১৫ সালে U.S. Forest Service, USAID এবং জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা-এর সহযোগিতায় বন অধিদপ্তরকে জাতীয় বন পরীবিক্ষণ পদ্ধতি (National Forest Monitoring System-NFMS) প্রতিষ্ঠায় কারিগরি সহযোগিতা প্রদান করেছে। যুক্তরাষ্ট্রের নাসা সেন্টার এবং ম্যারিল্যান্ড বিশ্ববিদ্যালয়ও সিলভাকার্বন বাংলাদেশ প্রোগ্রাম বাস্তবায়নে সহযোগিতা করেছিল। এ প্রোগ্রামের উল্লেখযোগ্য সাফল্যগুলো হলোঃ National Forest Inventory (NFI), National Forest Information System (NFIS) টিম গঠন (২০১৫), NFI এর তথ্যউপাত্তের গুণগত মান বজায় রাখা ও ব্যবস্থাপনা (২০১৫-২০১৭), স্যাটেলাইট ভিত্তিক National Tree Cover Monitoring Report (২০১৭) এর আনুষ্ঠানিক উদ্বোধন, NFI এর আর্থ-সামাজিক জরিপের পদ্ধতিতে সহযোগিতা (২০১৭), বন পর্যবেক্ষণ ও মূল্যায়নে আঞ্চলিক পর্যায়ে কর্মশালা এবং remote sensing ও GIS বিষয়ে সক্ষমতা বৃদ্ধিতে সিলভাকার্বন-নাসা ফেলোশিপ আয়োজন করা (২০১৭-২০১৯)।

## কম্পাস প্রোগ্রামের কম্পোনেন্টসমূহ:

### ১. ইয়ুথ কনজারভেশন কর্পস প্রতিষ্ঠা

ইয়ুথ কনজারভেশন কর্পস (YCC) প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনায় নারীসহ পিছিয়ে পড়া ও প্রান্তিক তরুণদের ভূমিকা নিশ্চিত করতে কাজ করছে। এ প্রোগ্রাম তরুণদের নেতৃত্ব, প্রাকৃতিক সম্পদের রক্ষণাবেক্ষণ এবং তাদের কর্মসংস্থানের দক্ষতা বৃদ্ধিতে পাঁচ মাসের আবাসিক প্রশিক্ষণ ও এক মাসের ইন্টার্নশিপ আয়োজন করছে। YCC কার্যক্রমের মূল লক্ষ্য হচ্ছে, তরুণদের জন্য স্থায়িত্বশীল জীবিকার সুযোগ বৃদ্ধি, এবং এলামনাই সদস্যদের বিভিন্ন নির্দেশনা ও সহযোগিতা প্রদানের মাধ্যমে স্থানীয় পর্যায়ে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা।

### ২. স্থানীয় জনগণের সক্ষমতা ও অংশগ্রহণ বৃদ্ধি

বন পুনরুদ্ধার কার্যক্রম বনের প্রতিবেশ ফিরিয়ে আনা ও প্রাকৃতিক সম্পদ রক্ষণাবেক্ষণে পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন অংশীজন ও স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে। বান্দরবানের পাড়া বন বা ভিলেজ কমন ফরেস্ট-এর উপর নির্ভরশীল জনগোষ্ঠীর মাঝে সমন্বিত বন ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতা ও তাদের দক্ষতা বৃদ্ধি, বিকল্প কর্মসংস্থান এবং স্থানীয় ব্যবস্থাপনায় বনভূমির মিশ্রব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কম্পাস প্রোগ্রাম কাজ করছে।

### ৩. বন ও পরিবেশ ব্যবস্থাপনায় কারিগরি সহযোগিতা

বন ও পরিবেশের সুষ্ঠু ব্যবস্থাপনায় কম্পাস প্রোগ্রাম বাংলাদেশ বন অধিদপ্তরের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করছে। এছাড়াও কার্যকরভাবে বন জরিপ, বন সংক্রান্ত বিভিন্ন তথ্য ও মানচিত্র প্রণয়ন, পরিবেশের (বাস্তুতন্ত্রের সেবাসমূহের) আর্থিক মূল্যমান ও বনের অবদান এবং এসব বিষয়ে কারিগরি দক্ষতা বৃদ্ধি ও কৌশলগত পরিকল্পনা প্রস্তুতে কম্পাস প্রোগ্রাম সহযোগিতা করছে।

### ৪. প্রাকৃতিক সম্পদের ব্যবস্থাপনা ও সহনশীলতা বিষয়ে শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি


কম্পাস প্রোগ্রাম শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানসমূহকে বিজ্ঞানভিত্তিক কারিগরি সহযোগিতা প্রদান করছে। এর মাধ্যমে শিক্ষার্থী ও সংশ্লিষ্ট অংশীজন বিবিধ শিক্ষা কৌশল, জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে বনের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং পরীবিক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় যৌথ গবেষণা, কারিগরি বিষয়ের ওপর সভা, সেমিনার, বিশ্ববিদ্যালয়গুলোর কারিক্যুলাম ও কোর্স ওয়ার্ক পরিমার্জন ইত্যাদিসহ U.S. Forest Service বাংলাদেশী গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান এবং যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সহযোগিতার সম্পর্ক জোরদার করতে কাজ করছে।

### ৫. আন্তর্জাতিক পর্যায়ে জ্ঞান ও দক্ষতা বিনিময়

কম্পাস প্রোগ্রাম প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় বৈশ্বিক জ্ঞান ও দক্ষতা বিনিময়ে সংশ্লিষ্ট অংশীজনকে সহযোগিতা করছে। এ লক্ষ্যে U.S. Forest Service বিভিন্ন কারিগরি সহযোগিতা, আন্তর্জাতিক সেমিনার, আঞ্চলিক পর্যায়ের বিভিন্ন কর্মকাণ্ডের সমন্বয় এবং বৈশ্বিক নেটওয়ার্ক ও অন্যান্য কর্মসূচিতে অংশীজনকে সক্রিয়ভাবে অংশগ্রহণের সুযোগ সৃষ্টির উদ্যোগ গ্রহণ করেছে। কম্পাস প্রোগ্রাম এসব কর্মকাণ্ডে নারী ও তরুণদের অংশগ্রহণ নিশ্চিত করতে সচেষ্ট ভূমিকা পালন করবে। এছাড়াও U.S. Forest Service বাংলাদেশে আন্তর্জাতিক সেমিনার সিরিজে অংশগ্রহণকারী এলামনাই সদস্যদের মধ্যে নেটওয়ার্ক তৈরি ও সমন্বিত কর্মকাণ্ড পরিচালনায় সহযোগিতা প্রদান করবে।

## কম্পাস প্রোগ্রাম এর কম্পোনেন্টসমূহের মধ্যে আন্তঃসম্পর্ক

কম্পাস প্রোগ্রাম-এর ৫টি মূল কম্পোনেন্টসমূহ একটি অন্যটির সঙ্গে সম্পৃক্ত হয়ে জ্ঞান, গবেষণা, নেতৃত্ব, সহযোগিতা বা অংশীদারিত্বের মাধ্যমে স্থায়িত্বশীল বন ব্যবস্থাপনা এবং বিকল্প কর্মসংস্থান বা আয়ের সুযোগ সৃষ্টিতে ভূমিকা রাখছে।




কম্পাস প্রোগ্রাম এর বিজ্ঞানভিত্তিক কারিগরি সহযোগিতা এবং দক্ষতা বৃদ্ধিমূলক উদ্যোগসমূহ বিভিন্ন সরকারি সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানকে দেশের বন ও জীববৈচিত্র্য সুরক্ষায় পদক্ষেপ নিতে সহযোগিতা করছে। এ প্রোগ্রাম USAID বাংলাদেশের জাতীয় উন্নয়ন সহযোগিতা কৌশল অনুযায়ী প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের সহনশীলতা বৃদ্ধিতে অবদান রাখবে। এ ছাড়াও এটি USAID এর শিক্ষা বিষয়ক অগ্রাধিকারগুলো বিবেচনা করে তরুণদের প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সহযোগিতা করছে যাতে তারা সুন্দর জীবন-যাপন ও জীবিকা অর্জনের সুযোগ লাভের পাশাপাশি সমাজে ইতিবাচক ভূমিকা পালন করতে পারে।

## সংক্ষেপে কম্পাস প্রোগ্রাম

**বাস্তবায়নকারী সংস্থা**

U.S. Forest Service,
International Programs

**অর্থায়নে**

USAID Bangladesh

**কর্মএলাকা**

সমগ্র বাংলাদেশ, বিশেষভাবে কক্সবাজার, বান্দরবান ও ঢাকা জেলায় বিভিন্ন পাইলটিং কর্মকাণ্ড রয়েছে। এছাড়াও খুলনা, চট্টগ্রাম ও সিলেট জেলার সরকারি বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানগুলোর সঙ্গেও নানাবিধ কর্মকাণ্ড বিদ্যমান রয়েছে।

**বাজেট**

১০ মিলিয়ন ডলার (যা অর্থের সংস্থানের ওপর নির্ভরশীল)

**বাস্তবায়নের সময়সীমা**

জুলাই ২০১৯ -জুলাই ২০২৪

**প্রধান সহযোগী সংস্থা**

বাংলাদেশ বন অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়


**প্রধান অংশীজন**

- শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান
- বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান
- বেসরকারি প্রতিষ্ঠানসমূহ
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও স্থানীয় সংগঠনসমূহ
- যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশেষজ্ঞ ও বিশ্ববিদ্যালয়সমূহ
- গ্রাম ও শহর এলাকার স্থানীয় জনগণ।

## প্রোগ্রামের মূল লক্ষ্যসমূহ

- প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পিছিয়ে পড়া ও প্রান্তিক তরুণদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা
- বিজ্ঞানভিত্তিক কারিগরি জ্ঞান বিনিময়ের মাধ্যমে প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধি
- জীবন জীবিকার মানোন্নয়নের জন্য কর্মসংস্থান এবং স্থানীয় পর্যায়ে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনাভিত্তিক ব্যবসায়িক উদ্যোগ সৃষ্টিতে সহযোগিতা প্রদান।

## কম্পাস প্রোগ্রাম এর কর্মএলাকা




**প্রকাশকাল** ▌ সেপ্টেম্বর ২০২১

**আরো তথ্যের জন্য**

**কমিউনিটি পার্টনারশিপ টু স্ট্রেনদেন সাসটেইনেবল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (কম্পাস)**

ইউনাইটেড স্টেটস ফরেস্ট সার্ভিস (ইউএসএফএস), ইন্টারন্যাশনাল প্রোগ্রামস

**প্রোগ্রাম ম্যানেজমেন্ট অফিস**
রূপায়ন গোল্ডেন এজ, ৭ম তলা,
৯৯ গুলশান এভিনিউ, ঢাকা-১২১২

**লিয়াজোঁ অফিস**
রুম-৩১৬, ৩য় তলা, বাংলাদেশ বন বিভাগ,
আগারগাঁও, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

+৮৮০১৭৯৬৬৬২৯৬৫
info@compass-bd.org
www.usfsbd.org

**ঘোষণা:** এ প্রকাশনাটি আমেরিকান জনগণের পক্ষ থেকে USAID এর অর্থায়নে তৈরি। এর বিষয়বস্তু কম্পাস প্রোগ্রাম এর একান্ত নিজস্ব এবং এটি USAID, U.S. Forest Service বা যুক্তরাষ্ট্র সরকারের মতামত প্রতিফলিত করে না।